# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮৮৫

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. ইকামত এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ

بَابُ ذِكْرِ الْإِقَامَةِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهَا

আরবী

حَدَّثَنَا أَبُو مُحَمَّدٍ دَعْلَجُ بْنُ أَحْمَدَ بْنِ دَعْلَجٍ ، ثَنَا مُحَمَّدُ بْنُ أَيُّوبَ الرَّازِيُّ ، أَخْبَرَنِي أَبُو الْوَلِيدِ ، ح : وَحَدَّثَنَا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، أَنَا مُعَاذُ بْنُ الْمُثَنَّى ، ثَنَا أَبُو الْوَلِيدِ ، ثَنَا هَمَّامٌ ، ثَنَا عَامِرٌ الْأَحْوَلُ ، عَنْ مَكْحُولٍ ؛ أَنَّ ابْنَ مُحَيْرِيزٍ أَخْبَرَهُ ؛ أَنَّ أَبَا مَحْذُورَةَ أَخْبَرَهُ : أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ عَلَّمَهُ الْأَذَانَ تِسْعَ عَشْرَةَ كَلِمَةً وَالْإِقَامَةَ سَبْعَ عَشْرَةَ كَلِمَةً : الْأَذَانُ : " اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، حَيَّ عَلَى الصَّلَاةِ ، حَيَّ عَلَى الصَّلَاةِ ، حَيَّ عَلَى الْفَلَاحِ ، حَيَّ عَلَى الْفَلَاحِ ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ " . وَالْإِقَامَةُ هَكَذَا مَثْنَى مَثْنَى ، لَا يَعُودُ مِنْ ذَلِكَ الْمَوْضِعِ

বাংলা

৮৮৫(৩). আবু মুহাম্মাদ দা’লাজ ইবনে আহমাদ ইবনে দা’লাজ (রহঃ) ... মাকহূল (রহঃ) থেকে বর্ণিত। ইবনে মুহাইরীয (রহঃ) তাকে অবহিত করেছেন যে, আবু মাহযূরা (রাঃ) তাকে অবহিত করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে উনিশ শব্দে আযান শিক্ষা দিয়েছেন এবং সতের শব্দে ইকামত শিক্ষা দিয়েছেন। আযান হলোঃ আল্লাহু আকবার আল্লাহু আকবার আল্লাহু আকবার আল্লাহু আকবার, আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ, আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ, আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ। হায়্যা আলাস সালাহ। হায়্যা আলাস-সালাহ, হায়্যা আলাল-ফালাহ। হায়্যা আলাল-ফালাহ। আল্লাহু আকবার আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ। আর ইকামতও আযানের অনুরূপ

দুইবার দুইবার। তবে ঐ স্থান থেকে ফিরে আসবে না (তাশাহহুদের দুই বাক্যের পুনরাবৃত্তি করবে না)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মাকহূল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80674

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন